



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস বিজ্ঞপ্তি/২০২২/১৫০৪

১৪ ডিসেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

যথাযোগ্য মর্যাদায় নোবিপ্রবিতে শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে আজ বুধবার (১৪ ডিসেম্বর ২০২২) জাতির শ্রেষ্ঠ সন্তানদের শ্রদ্ধা জানাতে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলমের নেতৃত্বে শোক পদযাত্রা, নোবিপ্রবি কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এতে বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, '১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবসে জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করছি। স্বাধীনতার মাত্র দুই দিন আগে হানাদারদের দোসররা চেয়েছিল জাতির শ্রেষ্ঠ সন্তানদের হত্যা করে এদেশকে মেধাশূন্য করতে। একাত্তরের সেই পরাজিত শক্তি এখনও সক্রিয়। মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে তাদের ষড়যন্ত্রের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে। আজকের এই শোকাবহ দিনে আমি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহান স্বাধীনতা যুদ্ধে আত্মদানকারী সকল বীর শহীদের আত্মার মাগফেরাত কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু'।

নোবিপ্রবির উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোঃ আব্দুল বাকীর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, রেজিস্ট্রার (অ.দা.) মোহাম্মদ জসীম উদ্দিন, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, হলের প্রভোস্টবৃন্দ, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সাখাওয়াত হোসেনসহ শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানটি সম্বালানা করেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক জনাব বিপ্লব মল্লিক। এর আগে ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবসের প্রথম প্রহরে নোবিপ্রবিতে নিষ্পদীপ মহড়া, প্রদীপ প্রজ্জ্বলন ও কালো ব্যাজ ধারণ কর্মসূচী অনুষ্ঠিত হয়।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।